৬৩৬

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 JAN 1994 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

# শিক্ষা খাতে ব্যয় অনুপাতে ফল পাওয়া যায় না

............ অর্থমন্ত্রী

সিলেট অফিস ॥ কুলাউড়া সংবাদদাতা জানান, গত রবিবার মৌলভীবাজারে শিক্ষক সমিতির ত্রি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথি অর্থমন্ত্রী এম, সাইফুর রহমান বলেন, দেশে শিক্ষা ব্যবস্থা অত্যন্ত জটিলতার মধ্যে চলিতেছে। শিক্ষা-খাতে যে পেরিমাণ অর্থ ব্যয় হয় সে অনুপাতে ফল পাওয়া যায় না। প্রাথমিক বিদ্যালয়ের অবস্থা করুণ। এতদসত্বেও গত সপ্তাহে প্রাথমিক শিক্ষাখাতে আরও ৪ শত কোটি টাকা সম্পূরক বাজেট বরাদ্দ

( ৬ষ্ঠ পৃঃ দ্রঃ )

## অর্থমন্ত্রী

(৩য় পৃঃ পর)

করা হয়। তিনি বলেন, প্রতি থানায় একটি করিয়া স্কুল, কলেজ ও মাদ্রাসা সরকারীকরণের সিদ্ধান্ত আপাততঃ স্থগিত রাখা হইয়াছে। মন্ত্রী আঞ্চলিক শিক্ষা অফিস, প্রাইমারী এডুকেশনের ডেপুটি ডাইরেক্টরের অফিস ও শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় বৃহত্তর সিলেটে স্থাপনের আশ্বাস দিয়া বলেন, এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হইবে।

সম্মেলনে মোঃ খুরশীদকে সভাপতি ও রবীন্দ্র কুমার তালুক-দারকে সচিব মনোনীত করিয়া বাংলাদেশ শিক্ষক সমিতির মৌলভী বাজার শাখার ১৮ সদস্য বিশিষ্ট নুতন কমিটি গঠন করা হয়।